দৈনিক বাংলা

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

252

# ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউট

তেজগাঁও, ঢাকা-৮

## ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে ১৯৮১-৮২ শিক্ষা সনে তিন বৎসর মেয়াদী প্রকৌশল ডিপ্লোমা ১ম বর্ষ ১ম পর্বে সর্বমোট ৫৪০টি আসনে (সংরক্ষিত আসন ও পুনঃভর্তিসহ) ছাত্র-ছাত্রী ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। প্রার্থীকে পূর্ণদৈর্ঘ্য সাদা কাগজে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আগামী ২০-১০-৮১ ইং তারিখের মধ্যে দরখাস্ত করিতে হইবে। দরখাস্তের সহিত প্রার্থীর পূর্ণ তথ্যাদি এবং নিম্নে বর্ণিত দলিলাদি অবশ্যই থাকিতে হইবে। অসম্পূর্ণ দরখাস্ত গ্রহণযোগ্য নয়। ডাকযোগে বা অন্য কোন অবস্থাতেই ২০-১০-৮১ ইং তারিখের পর দরখাস্ত গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

সংযুক্ত দলিলাদি :

(ক) এসএসসি/এইচএসসি অথবা সমমানের পরীক্ষার সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ সর্বশেষ স্কুল/কলেজের প্রধানের নিকট হইতে সংগৃহীত সনদপত্রের সত্যায়িত কপি।

(খ) এসএসসি/এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল নম্বর তালিকার ফটোস্ট্যাট/সত্যায়িত কপি।

(গ) দরখাস্তের ফি হিসাবে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে (অফেরতযোগ্য) ১০/- (দশ) টাকা মূল্যের ক্রসড পোস্টাল অর্ডার (পনর দিনের মধ্যে ক্রয় করা)/ব্যাংক ড্রাফট (ঢাকাস্থ যে কোন সোনালী ব্যাংকের উপর)।

(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ফটো।

২। এই ইনস্টিটিউটে চালু কোর্সসমূহ :

(ক) সিভিল ইঞ্জিনীয়ারিং
(খ) ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং
(গ) মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং
(ঘ) পাওয়ার ইঞ্জিনীয়ারিং
(ঙ) ইলেকট্রনিক্স ইঞ্জিনীয়ারিং
(চ) আর্কিটেকচার ইঞ্জিনীয়ারিং
(ছ) কেমিক্যাল ইঞ্জিনীয়ারিং (কেমিক্যাল টেকনোলজী স্পেশালাইজেশন)
(জ) কেমিক্যাল ইঞ্জিনীয়ারিং (ফুড টেকনোলজী স্পেশালাইজেশন)

৩। দরখাস্তকারীর যোগ্যতা :

(ক) এসএসসি পরীক্ষায় গ্রেস নম্বর ও এডিশনাল বিষয়ের নম্বর বাদে শতকরা ৫০% নম্বর পাইতে হইবে এবং নূন্যপক্ষে অংকে ৫০% নম্বর থাকিতে হইবে (সাধারণ বা নৈর্বাচনিক গণিত)।

অথবা

(খ) এইচএসসি (অংক, রসায়ন ও পদার্থবিদ্যাসহ) পরীক্ষায় এডিশনাল ও অপশনাল বিষয়ের নম্বর বাদে শতকরা ৪৫% নম্বর পাইতে হইবে এবং অংকে নূন্যপক্ষে ৪৫% নম্বর থাকিতে হইবে।

(গ) এসএসসি পাস ও বাংলাদেশ টেকনিক্যাল এডুকেশন বোর্ড হইতে দুই বৎসর মেয়াদী ট্রেড কোর্স পাস প্রার্থীও ভর্তির জন্য দরখাস্ত করিবার যোগ্য বলিয়া বিবেচিত।

(ঘ) প্রাক্তন সৈনিক এবং উপজাতীয় পোষ্যদের জন্য যথাক্রমে ৪টি ও ২টি আসন সংরক্ষিত থাকিবে। উপরে বর্ণিত '৩'-এর 'ক' হইতে 'ঘ' পর্যন্ত নিয়মের যাহা প্রযোজ্য সেই ভিত্তিতে প্রার্থীদেরকে ভর্তির সুযোগ দেওয়া হইবে।

৪। ভর্তি মেধাভিত্তিক হইবে।

৫। মেধা তালিকা তৈয়ারির নিয়মাবলী :

(ক) যাহারা ১৯৮১ সনের এসএসসি অথবা এইচএসসি পাস তাহাদের গ্রেস নম্বর এবং এডিশনাল বিষয়ের নম্বর বাদে প্রাপ্ত মোট নম্বর বিবেচনার যোগ্য হইবে।

(খ) যাহারা ১৯৭৯ ও ১৯৮০ সনের এসএসসি পাস করিয়া পরবর্তী বৎসরসমূহে দরখাস্ত দাখিল পর্যন্ত কোন কলেজের নিয়মিত ছাত্র হিসাবে পড়াশুনা করিতেছে বা পরবর্তী পরীক্ষা দিয়াছে বা দিবে তাহাদেরও উক্ত পরীক্ষার গ্রেস ও এডিশনাল বিষয়ে প্রাপ্ত নম্বর বাদে মোট নম্বর বিবেচ্য হইবে।

(গ) উপরোক্ত 'ক' ও 'খ'-এ বর্ণিত ব্যতীত অনিয়মিত প্রার্থীর এসএসসি অথবা এইচএসসি পাসের বৎসর হইতে দরখাস্ত দাখিল পর্যন্ত প্রতি অনিয়মিত বৎসরের জন্য মোট নম্বরের আরও শতকরা ৫% নম্বর কর্তন করিয়া অবশিষ্ট নম্বর ভর্তির জন্য বিবেচনা করা হইবে।

(ঘ) উপরোক্তভাবে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে একটি মেধা তালিকা প্রস্তুত করা হইবে এবং উহা হইতে আসনসংখ্যা ভিত্তিক ছাত্রভর্তি করা হইবে।

৬। ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা ৯-১১-৮১ তারিখে কেবল ইনস্টিটিউটের নোটিশ বোর্ডে দেওয়া হইবে। এবং নির্বাচিত প্রার্থীদের নিজ দায়িত্বে এই তালিকা দেখিয়া ফল জানিতে হইবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীকে ইনস্টিটিউটের মেডিক্যাল অফিসারের নিকট ১০/- (দশ) টাকা ফি প্রদান করিয়া স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট লইতে হইবে। ভর্তি হইতে আনুমানিক ১৮০/- টাকা লাগিবে। ভর্তির সময় মূল নম্বর তালিকা (বোর্ড হইতে), সার্টিফিকেট/সনদপত্র অবশ্যই দাখিল করিতে হইবে।

৭। ছাত্রাবাসে আসন থাকায় সকলকে আসন দেওয়া সম্ভব হইবে না।

৮। অনিবার্য কারণবশত ভর্তিকৃত ছাত্রদের ক্লাস ১৯৮৩ সনের জানুয়ারী মাসের আগে আরম্ভ করা সম্ভব হইবে না।

অধ্যক্ষ,
ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট,
তেজগাঁও, ঢাকা-৮।